

পিউ গ্লোবাল অ্যাটিটিউডস প্রজেক্ট

নীচের বিবৃতিতে বর্ণনা করা হয়েছে যে পিউ রিসার্চ সেন্টার ('সেন্টার' বা 'আমরা'), যা মার্কিন যুক্তরাষ্ট্রে ('ইউএসএ') অবস্থিত একটি গবেষণা সংস্থা, আমাদের বিক্রেতা ল্যাঙ্গার রিসার্চ অ্যাসোসিয়েটস ('ল্যাঙ্গার রিসার্চ')-এর মাধ্যমে কী ধরনের তথ্য, যার মধ্যে ব্যক্তিগত তথ্যও অন্তর্ভুক্ত, সংগ্রহ করে এবং সেন্টার সেই তথ্য কীভাবে ব্যবহার করে। এই গোপনীয়তা নোটিস ('নোটিস') [সেন্টারের প্রাইভেসি পলিসির](#) সম্পূরক এবং কেবলমাত্র সেন্টারের গ্লোবাল অ্যাটিটিউডস সার্ভের সঙ্গে সম্পর্কিত ব্যক্তিগত তথ্য (যার সংজ্ঞা নীচে দেওয়া আছে) প্রক্রিয়াকরণের ক্ষেত্রে প্রযোজ্য।

সংগৃহীত তথ্য। - 'ব্যক্তিগত তথ্য' শব্দটি ব্যবহার করে আমরা সেই তথ্যকে নির্দেশ করি যা আপনি ল্যাঙ্গার রিসার্চ-কে সরাসরি বা পরোক্ষভাবে প্রদান করেছেন এবং যা একা বা অন্যান্য তথ্যের সঙ্গে মিলিত হয়ে আপনার পরিচয় শনাক্ত করতে পারে বা আপনাকে সনাক্তযোগ্য করে তোলে। ব্যক্তিগত তথ্যের উদাহরণ হিসেবে আপনার নাম, টেলিফোন নম্বর, ডাকের ঠিকানা এবং/অথবা অন্য যে কোনো তথ্য অন্তর্ভুক্ত যা আপনাকে সনাক্ত করে। এছাড়াও, আপনার স্পষ্ট সম্মতিতে ল্যাঙ্গার রিসার্চ আপনার সংবেদনশীল তথ্যও সংগ্রহ ও প্রক্রিয়া করতে পারে (যেমন— জাতিগত বা বর্ণগত উৎস, রাজনৈতিক মতামত, ধর্মীয় বা দার্শনিক বিশ্বাস প্রকাশ করে এমন তথ্য)।

তথ্য কীভাবে ব্যবহার করা হয়। ল্যাঙ্গার রিসার্চ এবং তাদের তথ্য সংগ্রহকারী অংশীদারদের মাধ্যমে সেন্টার বহু দেশে পরিচালিত একটি বৈশ্বিক সমীক্ষার জন্য উত্তরদাতাদের কাছ থেকে তথ্য সংগ্রহ করেছে। সেন্টার বিভিন্ন বিষয়ে আন্তর্দেশীয় জনমতের তুলনামূলক প্রতিবেদন প্রকাশ করবে। সংগৃহীত তথ্য যুক্তরাষ্ট্রে ল্যাঙ্গার রিসার্চ ইনক.-এর সদর দপ্তরে স্থানান্তর করা হচ্ছে। ল্যাঙ্গার রিসার্চ সেন্টারকে এই তথ্য প্রদান করছে যাতে সেন্টার তাদের বিশ্লেষণ ও গবেষণা পরিচালনা করতে পারে। ল্যাঙ্গার রিসার্চ এবং সেন্টার আপনার ব্যক্তিগত তথ্য গোপন রাখবে এবং শুধুমাত্র সংগ্রহের সময় বর্ণিত উদ্দেশ্যেই তা ব্যবহার করবে।

সেন্টার আপনার ব্যক্তিগত তথ্য আমাদের বৈধ স্বার্থের ভিত্তিতে প্রক্রিয়া করে এবং সংবেদনশীল তথ্যের ক্ষেত্রে আপনার সম্মতির ভিত্তিতে। যদি আপনি এই প্রক্রিয়ার বিরোধিতা করেন, তবে আমরা আপনার ব্যক্তিগত তথ্য প্রক্রিয়া করা বন্ধ করব, যদি না প্রক্রিয়ার জন্য জোরালো এবং বৈধ কারণ থাকে অথবা আইনি দাবির প্রতিষ্ঠা, প্রয়োগ বা প্রতিরক্ষার জন্য তথ্য প্রয়োজন হয়। যদি আপনি এই প্রক্রিয়ার বিরোধিতা করেন, তবে আমরা আপনাকে আপনার আপত্তির কারণ জানাতে বলি যাতে আমরা তা পর্যালোচনা করে প্রয়োজনীয় পরিবর্তন করা দরকার কিনা সিদ্ধান্ত নিতে পারি।

তথ্য কতদিন সংরক্ষণ করা হবে। সেন্টার ব্যক্তিগত তথ্য শুধুমাত্র গবেষণা বিশ্লেষণ সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় সময় পর্যন্ত এবং প্রযোজ্য আইনের সঙ্গে সামঞ্জস্য রেখে সংরক্ষণ করবে। সেন্টার ল্যাঙ্গার রিসার্চ-কে তাদের সার্ভারে থাকা যেকোনো ব্যক্তিগত তথ্য মুছে ফেলার নির্দেশও দেবে।

আপনার বিকল্পগুলি। আপনি আমাদের কাছে থাকা আপনার ব্যক্তিগত তথ্যের অ্যাক্সেসের জন্য অনুরোধ করতে পারেন এবং প্রক্রিয়াকরণের সীমাবদ্ধতা, সংশোধন, মুছে ফেলা বা আপনার ব্যক্তিগত তথ্য স্থানান্তরের অনুরোধ করতে পারেন। আপনি এই অনুরোধগুলি করলে, আমরা আপনার অনুরোধে পদক্ষেপ নেওয়ার আগে আপনার পরিচয় যাচাই করতে বলতে পারি। আপনি যেকোনো সময় আপনার

ব্যক্তিগত তথ্য প্রক্রিয়াকরণের জন্য দেওয়া সম্মতি প্রত্যাহার করতে পারেন। সম্মতি প্রত্যাহার করা পূর্ববর্তী প্রক্রিয়াকরণের বৈধতাকে প্রভাবিত করে না, এবং সেন্টার প্রক্রিয়াকরণের জন্য অন্য কোনো আইনি ভিত্তিও ব্যবহার করতে পারে।

এই বিকল্পগুলি ব্যবহার করতে আমাদের datainfo@pewresearch.org -এ যোগাযোগ করুন। যদি আপনি মনে করেন যে আপনার ব্যক্তিগত তথ্যের আমাদের প্রক্রিয়াকরণ বেআইনি, তবে আপনি সংশ্লিষ্ট নিয়ন্ত্রক কর্তৃপক্ষের কাছে অভিযোগ জানাতে পারেন।